দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 APR 1987
পৃষ্ঠা ১ কলাম ১

020

মাহবুব

(প্রথম পৃঃ পর)

গুরুত্বপূর্ণ জাতীয় বিষয় নিয়ে দলীয় রাজনীতি করা বিজ্ঞজনোচিত হবে না।

ছাত্ররা যাতে শিক্ষিত হয়ে নিজেদের গড়ে তুলতে পারে আদর্শ স্বনির্ভর নাগরিক হতে পারে তার জন্য লেখাপড়া ও শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে তিনি ঐক্যবদ্ধ প্রচেষ্টা গ্রহণের জন্য সকল মহলের প্রতি আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী বলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান উন্নয়নের সঙ্গে সঙ্গে সরকার তৃতীয় পাঁচসালা পরিকল্পনার আওতায় দশ মাদ্রাসা উন্নয়নের ব্যবস্থাও গ্রহণ করছেন।

জনাব মহবুবুর রহমান শনিবার হরিনারায়ণ হাই স্কুলে অনুষ্ঠিত নোয়াখালী জেলা প্রাথমিক স্কুল শিক্ষকদের এক সংবর্ধনা সভায় বলেন শিক্ষকদের দক্ষতার ওপরই শিক্ষা ব্যবস্থার সাফল্য নির্ভর করে।

শিক্ষকদের দাবী ও সমস্যা প্রসঙ্গে তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে বর্তমান সরকার শিক্ষক সমাজের অধিকার ও সুবিধা রক্ষায় এক অতুলনীয় ইতিহাস সৃষ্টি করেছেন।

তিনি প্রাথমিক স্কুল শিক্ষক সমিতির অফিস ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন এবং চৌমুহনী সরকারী কলেজ ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।